

পুরোগাং ▶ বান্দরবান-থানচি সড়কে পাহাড় ধস

## বান্দরবান-থানচি সড়কে পাহাড় ধস

নিজস্ব প্রতিনিধি, বান্দরবান

প্রকাশ: ০৮ আগস্ট ২০২৩ ১২:৫৪:০১ আপডেট: ০৮ আগস্ট ২০২৩ ১৩:১০:১৭

f



টানা দুইদিনের বৃষ্টিতে বান্দরবানে পাহাড় ধসের ঘটনা ঘটেছে। এতে বান্দরবান-থানচি সড়কে যোগাযোগ প্রায় আধাঘণ্টা বন্ধ ছিলো।

শুক্রবার সকালে বান্দরবান-থানচি সড়কের নীলগিরি ও জীবন নগরের মধ্যবর্তী স্থানে পাহাড় ধসের ঘটনা ঘটে।

থানচি সদর উপজেলা চেয়ারম্যান অং ফ্র শ্রো জানান, পাহাড় থেকে বড় পাথরের টুকরো ভেঙে পড়লে- সড়কে যানজট তৈরি হয়। পরে আধা ঘণ্টার ব্যবধানে তা অপসারণ করে পরিস্থিতি স্বাভাবিক করা হয়।

### আরও পড়ুন: [গাজীপুরে ট্রাক চাপায় সাংবাদিক নিহত](#)

স্থানীয়দের বরাত দিয়ে থানচি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মুহা. আবুল মনসুর জানান, বৃহস্পতিবার দিনগত রাত থেকে অতিরিক্তির কারণে বান্দরবান-থানচি সড়কের নীলগিরি ও জীবন নগরের মাঝামাঝি এলাকায় সড়কের